

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
.....
তারা ধৈর্যধারণকারী, সত্যবাদী, নির্দেশ সম্পাদনকারী, সংপথে ব্যয়কারী এবং শেষরাতে ক্ষমা প্রার্থনাকারী।
সূরা আল ইমরান- ১৬

দৈনিক

কীর্তনখালা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ১৯ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ০১ রমজান ১৪৪৭ ॥ ০৬ ফাল্গুন ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৭৮ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা


রমজানে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ও দ্রব্যমূল্য স্বাভাবিক রাখার নির্দেশ
কীর্তনখোলা ডেস্ক
সেহরি-ইফতার ও তারাবির সময় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এবং দ্রব্যমূল্য স্বাভাবিক রাখার নির্দেশ দিয়েছেন ২ এর পাতায় দেখুন


বাংলাদেশে মব কালচারের দিন শেষ: স্বরাষ্ট্রমন্ত্রী
কীর্তনখোলা ডেস্ক
স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, বাংলাদেশে মব কালচার শেষ। মব কালচারকে আর কোনোভাবে উৎসাহিত করা ২ এর পাতায় দেখুন


সংস্কার প্রস্তাবগুলো বাস্তবায়ন করা এই সংসদের পবিত্র দায়িত্ব
কীর্তনখোলা ডেস্ক
জুলাইয়ের আকাক্ষর্য ভিত্তিতে যেসব সংস্কার প্রস্তাব সামনে এসেছে, সেসব বাস্তবায়ন করা এই সংসদের পবিত্র দায়িত্ব ২ এর পাতায় দেখুন


বিএনপি জোট ৩৫ ও জামায়াত ১৩ সংরক্ষিত নারী আসন পেতে পারে
কীর্তনখোলা ডেস্ক
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মোট ২৯৬টি আসনের গেজেট প্রকাশ করেছে নির্বাচন কমিশন (ইসি)। ঘোষিত ২ এর পাতায় দেখুন

জহিরউদ্দিন স্বপন ও রাজিবের জন্য উচ্ছ্বাস বরিশালের প্রভাবশালীরা বাদ পড়ায় মিশ্র প্রতিক্রিয়া

কীর্তনখোলা রিপোর্ট

তারেক রহমানের নেতৃত্বে গঠিত নতুন মন্ত্রিসভায় দক্ষিণাঞ্চলের বেশ কয়েকজন বর্ষীয়ান ও প্রভাবশালী নেতা স্থান না পাওয়ায় বরিশালে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। কয়েক দিন ধরে তাঁদের মন্ত্রিসভায় অন্তর্ভুক্ত নিয়ে ছোর আলোচনা চললেও শেষ পর্যন্ত অনেকে জায়গা পাননি। এ নিয়ে স্থানীয় বিএনপির একটি অংশে হতাশা বিরাজ করছে। গত মঙ্গলবার বিকেলে ঘোষিত মন্ত্রিসভায় বরিশাল বিভাগ থেকে মন্ত্রী হয়েছেন হাজিজ উদ্দিন আহমদ এবং জহির উদ্দিন স্বপন। এ ছাড়া প্রতিমন্ত্রী হয়েছেন আহমদ সোহেল মঞ্জুর, রাজিব আহসান ও মো. নূরুল হক নূর।

পর্যায়ালীরা আলতাফ হোসেন জোট সরকারের আমলে মন্ত্রী ছিলেন এবং এবারও আলোচনায় ছিলেন। এর মধ্যে জহির উদ্দিন স্বপন মন্ত্রী এবং তরুণ নেতা রাজিব আহসান প্রতিমন্ত্রী হওয়ায় উচ্ছ্বসিত নেতা-

কর্মীরা। ফেসবুকে তাঁদের নিয়ে আলোচনার শেষ নেই। কিন্তু নতুন মন্ত্রিসভায় তাঁই না পাওয়া আলোচিত নেতাদের মধ্যে রয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য বাবুগঞ্জের সেলিমা রহমান, চেয়ারম্যানের উপদেষ্টা পটুয়াখালীর আলতাফ হোসেন চৌধুরী, অন্য উপদেষ্টা বরিশালের মঞ্জির রহমান সরোয়ার, দলের ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট রুহুল আবদিন এবং জোটের বিজিপি চেয়ারম্যান ভোলাার আদালিত রহমান পার্থ।

কুয়াকাটা পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক প্রভাষক শহিদুল ইসলাম শাহিন বলেন, ‘আমরা অনেক কিছু প্রত্যাশা করেছিলাম। পায়রা বন্দর, তাপবিদ্যুৎকেন্দ্র ও পর্যটনশিল্প এগিয়ে নিতে পটুয়াখালী কিংবা বরগুনা থেকে আরও প্রতিনিধিত্ব দরকার ছিল।’ এদিকে বিভাগীয় শহর বরিশাল জেলায় তিহাজন প্রভাবশালী নেতা যথাক্রমে সেলিমা, সরোয়ার ২ এর পাতায় দেখুন



প্রথমবার মন্ত্রিসভায়

আহমদ সোহেল মঞ্জুর, পিরোজপুরে উচ্ছ্বাস

পিরোজপুর প্রতিনিধি

নতুন সরকারের মন্ত্রিসভায় প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন পিরোজপুর-২ আসন থেকে নির্বাচিত সংসদ সদস্য আহমদ সোহেল মঞ্জুর। প্রথমবার সংসদ সদস্য হয়েই তিনি বিএনপির নেতৃত্বাধীন সরকারের মন্ত্রিসভায় স্থান পেয়েছেন। গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব পাওয়ায় তাঁর নির্বাচনী এলাকায় নেতাকর্মী ও সমর্থকদের আনন্দ-উচ্ছ্বাস করতে দেখা গেছে। পিরোজপুর-২ (কাউখালী, ভাভারিয়া ও নেছারাবাদ) আসনে ১৯৯৬ সালে বিএনপি থেকে সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন আহমদ সোহেলের বাবা নূরুল ইসলাম মঞ্জুর। তিনি ছিলেন সাবেক যোগাযোগ প্রতিমন্ত্রী, পিরোজপুর জেলা বিএনপির উপদেষ্টা এবং মুক্তিযুদ্ধের ৯ নম্বর সেক্টরের বেসামরিক প্রধান। তাঁর রাজনৈতিক উত্তরসূরি হিসেবে বিবেচিত হচ্ছেন আহমদ সোহেল ২ এর পাতায় দেখুন

রোজায় বন্ধ

থাকে স্কুল, আজ থেকেই শুরু ছুটি

কীর্তনখোলা ডেস্ক

নানা আলোচনার পর পবিত্র রমজান মাসে প্রাথমিক, নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ফলে আজ বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) থেকেই স্কুলগুলোতে ছুটি শুরু হচ্ছে। বুধবার (১৮ ফেব্রুয়ারি) ২০২৬ শিক্ষাবর্ষের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর ছুটির সংশোধিত তালিকা ও শিক্ষাপঞ্জি প্রকাশ করে এ তথ্য জানায় শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা প্রজ্ঞাপনে বলা হয়, পবিত্র রমজান, হরিটাদ ঠাকুরের আবির্ভাব, শবেকদর (১৭ মার্চ), জুমাতুলবিদা (২০ মার্চ), ঈদুল ফিতর (২১ মার্চ) এবং স্বাধীনতা ও জাতীয় দিবস (২৬ মার্চ) উপলক্ষে ১৯ ফেব্রুয়ারি থেকে ২৬ মার্চ পর্যন্ত ৩৬ দিন মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়গুলো ছুটি থাকবে। এদিকে পবিত্র রমজান ২ এর পাতায় দেখুন



বরিশাল জেলা পুলিশের বার্ষিক কূচকাওয়াজ ও বিশেষ কল্যাণ সভায় শ্রেষ্ঠ অফিসারদের পুরস্কার প্রদান করেন ডিআইজি মঞ্জুর মোশের আলম

বরিশালে লেবুর দামে আগুন খুচরায় হালি ৮০ টাকা

কীর্তনখোলা রিপোর্ট

পবিত্র রমজানকে কেন্দ্র করে বরিশালের বাজারে লেবুর দামে আশ্চর্যজনক উল্লেখ্য দেখা দিয়েছে। মাত্র একদিনের ব্যবধানে খুচরা বাজারে হালি প্রতি ২০ টাকা থেকে বেড়ে ৫০ থেকে ৮০ টাকার বিক্রি হচ্ছে লেবু। এতে বিপাকে পড়েছেন সাধারণ ক্রেতারা। বরিশাল নতুন

বাজার ঘুরে দেখা যায়, রমজানকে ঘিরে লেবুর চাহিদা ও বেচাবিক্রি বেড়েছে। তবে পাইকারি দামের ভুলনায় খুচরা বাজারে আশ্চর্যজনক হারে দাম বাড়ানো হয়েছে বলে অভিযোগ ক্রেতাদের। শফিকুর রহমান নামে এক ক্রেতা বলেন, প্রথম রোজায় লেবুর সরবত দিয়ে ইফতার করতে চাই। কিন্তু ২০

টাকার লেবু ৮০ টাকার বিক্রি হচ্ছে, এভাবে মানুষ কিভাবে কিনবে? একই অভিযোগ করেন ক্রেতা নাসির উদ্দীন ও শাকিল মাহমুদ। খুচরা বিক্রেতা রফিক জানান, তারা বেশি দামে লেবু কিনে আনছেন বলেই বেশি দামে বিক্রি করতে হচ্ছে। পাইকারি বাজারে দাম কমলে খুচরাত্তেও কমবে ২ এর পাতায় দেখুন



সাবেক এমপিসহ আ.লীগের তিন নেতার জামিন

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল-৫ (সদর) আসনে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ) সাবেক সংসদ সদস্য জেবুন্নেছা আহমদরোজ জামিন পেয়েছেন। একই সঙ্গে নিষিদ্ধ ঘোষিত বরিশাল মহানগর ছাত্রলীগের সাবেক সভাপতি ও

সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান জসিম উদ্দিন এবং মহানগর যুবলীগের যুগ্ম আহ্বায়ক মাহমুদুল হক খান মামুনও জামিন লাভ করেছেন। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) দুপুরে বরিশালের অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট

আদালতের বিচারক তাদের জামিন বলেন, জনগণের জন্য প্রত্যেকটা মন্ত্রণালয় কাজ করে, বনাম শেষে মামলার নথিপত্র পর্যালোচনা করে আদালত এই আদেশ দেন। বরিশাল সদর থানার সরকারি নিবন্ধন কর্মকর্তা ২ এর পাতায় দেখুন



রমজানের শিক্ষা ও মুমিনের পাথেয়

মাওলানা মোহাম্মদ ইউসুফ বছর ঘুরে রহমত, মাগফিরাত ও নাজাতের সংগাত নিয়ে আমাদের মাঝে উপস্থিত হয়েছে পবিত্র মাহে রমজান। এটি কেবল উপবাস থাকার মাস নয়, বরং আত্মতত্ত্ব, সংযম এবং তাকওয়া অর্জনের এক অনন্য প্রশিক্ষণকাল। পবিত্র কুরআনে আল্লাহ তায়ালা ইরশাদ করেছেন, হে মুমিনগণ! তোমাদের ওপর রোজা ফরজ করা হয়েছে, যেমন ফরজ করা ২ এর পাতায় দেখুন

সরকারি গাড়ি ব্যবহার করবেন না প্রধানমন্ত্রী তারেক রহমান

কীর্তনখোলা ডেস্ক

দেশের ১১তম প্রধানমন্ত্রী তারেক রহমান নিজের গাড়িতেই চলাফেরা করবেন। তিনি সরকারি গাড়ি ব্যবহার করবেন না বলে জানিয়েছেন বিএনপির মিডিয়া সেলের সদস্য আতিকুর রহমান রুমন জানিয়েছেন। বুধবার (১৮ ফেব্রুয়ারি) রুমন বলেন, প্রধানমন্ত্রী নিজের গাড়ি, নিজের চালক ও নিজের কন্ডাক্টর জালানি ব্যবহার করবেন। তিনি প্রধানমন্ত্রীর সরকারি গাড়ি ব্যবহার করছেন না। দিনের কর্মসূচিতে প্রধানমন্ত্রী সাভার ও শেরে বাংলা নগর গিয়েছিলেন নিজের টয়েটা গাড়ি চড়ে। সেখান থেকে সচিবালয়ে গিয়েছেন সেই গাড়িতেই। তিনি আরও বলেন, যানজটের ২ এর পাতায় দেখুন

উজিরপুর থানার ওসি রকিবুল শ্রেষ্ঠ অফিসার নির্বাচিত

উজিরপুর প্রতিনিধি

বরিশাল জেলার উজিরপুর মডেল থানার অফিসার ইনচার্জ রকিবুল ইসলাম শ্রেষ্ঠ অফিসার নির্বাচিত হয়েছে। বুধবার (১৮ ফেব্রুয়ারি) রেঞ্জ ডিআইজি মঞ্জুর মোশের আলম বরিশাল জেলা পুলিশের বার্ষিক পরিদর্শন ও বিশেষ কল্যাণ সভায় অংশগ্রহণ সভায় উজিরপুর মডেল থানার অফিসার ইনচার্জ রকিবুল ইসলামকে শ্রেষ্ঠ অফিসার ঘোষণা করেন। বরিশাল রেঞ্জের ডিআইজি মঞ্জুর মোশের ২ এর পাতায় দেখুন

প্রতিশ্রুতি বাস্তবায়নে ১৮০ দিনের কর্মপরিকল্পনা চেয়েছে সরকার

কীর্তনখোলা ডেস্ক

ভোটের আগে জনগণের কাছে বিএনপি যে প্রতিশ্রুতি দিয়েছিল, তা বাস্তবায়নে ১৮০ দিনের কর্মপরিকল্পনা গ্রহণ করবে সরকার। এ জন্য মন্ত্রিসভার সব সদস্যদের দু-একদিনের মধ্যে তাদের পরিকল্পনা প্রধানমন্ত্রীকে জানাতে বলা হয়েছে। বুধবার সচিবালয়ে মন্ত্রিসভার অনানুষ্ঠানিক বৈঠকে প্রধানমন্ত্রী তারেক রহমান এসব নির্দেশনা দিয়েছেন বলে জানিয়েছেন মন্ত্রিসভার সদস্যরা। বৈঠক শেষে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়দ ইসলাম বলেন, জনগণের জন্য প্রত্যেকটা মন্ত্রণালয় কাজ করে, বনাম শেষে মামলার নথিপত্র পর্যালোচনা করে আদালত এই আদেশ দেন। বরিশাল সদর থানার সরকারি নিবন্ধন কর্মকর্তা ২ এর পাতায় দেখুন



গণমাধ্যমের স্বাধীনতার অঙ্গীকার তথ্যমন্ত্রী জহিরউদ্দিন স্বপনের

এম জামান

এবারের সংসদ নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পাওয়ার পর সরকার গঠন করেছে বিএনপি। নতুন সরকারের দায়িত্ব নেয়ার পর প্রথম কর্মদিবসে গতকাল সচিবালয়ে অফিস করেন প্রধানমন্ত্রী তারেক রহমান এবং নবনিযুক্ত মন্ত্রী-প্রতিমন্ত্রীরা। এসময় তারা প্রশাসনিক সংস্কার, শৃশাসন প্রতিষ্ঠা, দুর্নীতি দমন ও

জনকল্যাণমুখী

উন্নয়নকে সরকারের অগ্রাধিকার হিসেবে তুলে ধরেন এবং জনগণের প্রত্যাশা পূরণে ঐক্যবদ্ধভাবে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন। বরিশাল জেলার একমাত্র মন্ত্রী জহিরউদ্দিন স্বপন। তিনি তথ্য ও সন্স্চার মন্ত্রণালয়ের দায়িত্ব গ্রহণ করেন। দায়িত্ব পালনের প্রথম দিনেই তিনি সাংবাদিক কল্যাণে তার

সরকারের পদক্ষেপের কথা উল্লেখ করে জানান, দেশনায়ক তারেক রহমান আমাকে যে গুরুদায়িত্ব প্রদান করেছেন আমি তা সফলভাবে পালনের চেষ্টা করবো। তিনি সাংবাদিকদের উদ্বোধন বসনে, সাংবাদিক সমাজের উদ্ভিতি না করে গণমাধ্যমের উদ্ভিতি করা যায় না। এ সময়ের সমস্যাগুলো চিহ্নিত করে ২ এর পাতায় দেখুন



বরিশাল-ভোলা-লক্ষ্মীপুর মহাসড়ক

প্রায় ৩ কোটি টাকার জমি অধিগ্রহণের চেক বিতরণ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল-ভোলা-লক্ষ্মীপুর জাতীয় মহাসড়ক উন্নয়ন প্রকল্পের আওতায় জমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের মাঝে ২ কোটি ৭৯ লাখ ৭১ হাজার ৭৩৪ টাকার চেক বিতরণ করা হয়েছে। বুধবার দুপুর ১২টায় ভোলা প্রশাসন বরিশাল-এর আয়োজনে

বরিশাল সদর উপজেলার চরমোনাই ব্রিজ সংলগ্ন রায়পুরা এলাকায় এই চেক বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। বরিশাল-ভোলা-লক্ষ্মীপুর জাতীয় মহাসড়ক বরিশাল চরকাউমা থেকে ভোলা ইলিশাঘাট হয়ে লক্ষ্মীপুর পর্যন্ত যথার্থ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্পের অংশ

হিসেবে এই জমি অধিগ্রহণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উদ্বিগ্ন থেকে ক্ষতিগ্রস্তদের হাতে চেক তুলে দেন বরিশালের জেলা প্রশাসক মো. খায়রুল আলম সুমন। এ সময় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক ২ এর পাতায় দেখুন

বরিশালে শ্রমিক নেতাকে মারলেন বাস মালিক গ্রুপের সভাপতি মোশাররফ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল জেলা বাস মালিক গ্রুপের সভাপতি মোশাররফ হোসেনের বিরুদ্ধে শ্রমিক নেতাকে মারধরের অভিযোগ উঠেছে। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) রাতে নগরীর নথুল্লাবাদ কেন্দ্রীয় বাসস্ট্যান্ডে শ্রমিক ইউনিয়ন কার্যালয়ে এ ঘটনা ঘটে। এ নিয়ে শ্রমিকদের

মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়। মারধরের শিকার শ্রমিক নেতা আরজু মুখা বরিশাল জেলা শ্রমিক দলের সদস্য। অভিযোগ উঠা ব্যক্তি হলেন- বরিশাল বাস মালিক গ্রুপের সভাপতি মোশাররফ হোসেন। খবর পেয়ে সেনাবাহিনীর সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পাশাপাশি মালিক সমিতির

সভাপতি উভয় পক্ষকে হেফাজতে নেয়। পরে উভয় পক্ষকে শান্তি-শৃঙ্খলা বজায় রাখার নির্দেশ দিয়ে ঘটনাক্রমে পর ছেড়ে দেওয়া হয়। মারধরের শিকার জেলা শ্রমিক দলের সদস্য ও নথুল্লাবাদ শ্রমিক ইউনিয়নের সদস্য আরজু মুখা বলেন, বাস মালিক গ্রুপের সভাপতি ২ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখালা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

—মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

রমজানের আগে আল-আকসা মসজিদের ইমামকে গ্রেপ্তার করেছে ইসরায়েল

কীর্তনখোলা ডেস্ক

অধিকৃত জেরুজালেমের আল-আকসা মসজিদের ইমাম শেখ মোহাম্মদ আল-আব্বাসিকে গ্রেপ্তার করেছে ইসরায়েলি পুলিশ। পবিত্র রমজান মাস শুরু আগে সোমবার মসজিদ প্রাঙ্গণ থেকে তাকে গ্রেপ্তার করা হয়। মঙ্গলবার ফিলিস্তিনি ও এর পাতায় দেখুন



নগরীতে অবৈধ পার্কিং ও ফুটপাথ দখলমুক্ত করতে অভিযান

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীতে অবৈধভাবে পার্কিং এবং ফুটপাথ দখলদারদের বিরুদ্ধে অভিযান চালিয়েছে বরিশাল মেট্রোপলিটন পুলিশ (বিএমপি)। বুধবার (১৮ ফেব্রুয়ারি) সকাল ১০টায় নগরীর শহীদ মিনার এলাকা থেকে শুরু করে বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে নেতৃত্ব দেন বিএমপির

ট্রাফিক বিভাগের উপ-পুলিশ কমিশনার মো: শরফুদ্দীন। এ সময় ট্রাফিক বিভাগের একাধিক টিম নগরীর প্রধান সড়ক, বাস্তব মোড় ও বাণিজ্যিক এলাকায় অভিযান চালিয়ে সড়কের ওপর অবৈধভাবে রাখা যানবাহন সরিয়ে দেয় এবং ফুটপাথ দখল করে ব্যবসা পরিচালনাকারীদের সতর্ক করে। পুলিশ জানায়, দীর্ঘদিন ধরে নগরীর বিভিন্ন

এলাকায় সড়কের ওপর গাড়ি পার্কিং এবং ফুটপাথ দখল করে দোকান বসানোর কারণে যানজট ও জনভোগান্তি সৃষ্টি হচ্ছিল। পথচারীরা নির্বিঘ্নে চলাচল করতে পারছিলেন না। এ অবস্থায় জনস্বার্থে নিয়মিত অভিযানের অংশ হিসেবে এ উদ্যোগ নেয়া হয়েছে। অভিযানকালে বেশ কয়েকটি অবৈধ পার্কিং করা ও এর পাতায় দেখুন

১৪ মাসে নতুন রোহিঙ্গা দেড় লাখ

কীর্তনখোলা ডেস্ক

২০২৪ সালের ডিসেম্বর থেকে চলতি বছরের ৩১ জানুয়ারি পর্যন্ত নতুন করে নিবন্ধিত রোহিঙ্গার সংখ্যা ১ লাখ ৪৩ হাজার ৩২৭ জন। তারা নতুন করে বাংলাদেশে প্রবেশ করেছে বলে জানিয়েছে জাতিসংঘের শরণার্থী-বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর। গত ডিসেম্বরে এ সংখ্যা ছিল ১ লাখ ৪১ হাজার ৫৩২ জন। বুধবার (১৮ ফেব্রুয়ারি) মাসিক এক প্রতিবেদনে এ তথ্য জানায় ইউএনএইচসিআর। এছাড়া ক্যাম্পগুলোতে মোট ১১ লাখ ৮২ হাজার ৭৫৫ জন রোহিঙ্গা বসে গেছে। ইউএনএইচসিআর জানায়, ২০২৪ সাল থেকে মিয়ানমারের রাখাইন রাজ্যে লক্ষ্যমুক্ত সহিংসতা ও এর পাতায় দেখুন



কলাপাড়ায় কৃষকদলনেতাসহ পাঁচ জনের নামে গরুচুরির মামলা

কলাপাড়া প্রতিনিধি

গরু চুরি করে জবাই শেষে মাংস ভাণ্ডাণি করে নেওয়ার ঘটনায় জাতীয়তাবাদী কৃষক দলের মিঠাগঞ্জ ইউনিয়ন সভাপতি মাসুর জমাদ্দার কে প্রধান আসামি করে কলাপাড়া থানায় একটি মামলা করা হয়েছে। চরমোনাই পীরের অনুসারী একই গ্রামের রফিকুল ইসলাম কলাপাড়া থানায় মঙ্গলবার বিকালে এই মামলাটি করেন। এ ঘটনায় বিক্রির সময় ১২ কেজি মাংসসহ অজিঞ্জুল বয়াতী নামের এক আসামিকে পুলিশ গ্রেফতার করেছে। এছাড়াও আলআমিন, মো. লিটন, মো. ইসমাইলকে আসামি করা হয়েছে। পটুয়াখালী কলাপাড়া উপজেলার মিঠাগঞ্জ ইউনিয়নের উত্তর ও এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাঙ্গলার প্রখ্যাত বাংলা আদ্যাপনিত ও বাৎসরিকবিশিষ্ট বিশিষ্ট সরকারি ব্রহ্মচর্যমান কলকাতা, কলকাতা বিশ্ববিদ্যালয়ের সাবেক বিজ্ঞানী প্রবাস এবং বাংলাদেশে মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরিচালক

অধ্যাপক আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রস্তুতকারকের ভিত্তিতে প্রস্তুত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নতুন প্রাকৃতিক সহায়ক সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়সহ বিদ্যালয়ের প্রধান পরিচালক, সরকারি আশেদপাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল এই প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

০১৭১৩-১৬৯৮২৮

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিল্লা সদর রোড, বরিশাল ০১৭১৩-১৬৯৮২৮	ইসলামিয়া লাইব্রেরি কাজীরাও, ১৪৩ রোড, বরিশাল ০১৭১৩-১৬৯৮২৮	অবুদুর লাইব্রেরি সদর রোড, বরিশাল ০১৭১৩-১৬৯৮২৮	অবুদুর লাইব্রেরি সদর রোড, বরিশাল ০১৭১৩-১৬৯৮২৮
--	--	--	--

খানকার লাইব্রেরি
সদর রোড, বরিশাল
০১৭১৩-১৬৯৮২৮

নিউ মাহবুব লাইব্রেরি
সদর রোড, বরিশাল
০১৭১৩-১৬৯৮২৮

রহমান বুক হাউজ
সদর রোড, বরিশাল
০১৭১৩-১৬৯৮২৮

মজুমদার লাইব্রেরি
সদর রোড, বরিশাল
০১৭১৩-১৬৯৮২৮

অমৃত লাইব্রেরি
সদর রোড, বরিশাল
০১৭১৩-১৬৯৮২৮

নিউ কলেজ লাইব্রেরি
সদর রোড, বরিশাল
০১৭১৩-১৬৯৮২৮

হক লাইব্রেরি
সদর রোড, বরিশাল
০১৭১৩-১৬৯৮২৮

আশরাফিয়া লাইব্রেরি
সদর রোড, বরিশাল
০১৭১৩-১৬৯৮২৮

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-১৬৯৮২৮

০১৭১৩-১৬৯৮২৮

কীর্তনখোলা

বরিশাল ১১ বৃহস্পতিবার ১৯ ফেব্রুয়ারি ২০২৬ ০৬ ফাল্গুন ১৪৩২

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে পুনর্ভর্তি ফি নিষিদ্ধ করল মন্ত্রণালয়

কীর্তনখোলা ডেস্ক

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে আর্থিক অনিয়ম ও লুটপাট বন্ধে কঠোর অবস্থানে যাচ্ছে সরকার। এর অংশ হিসেবে 'টিউশন ফি', 'ভর্তি ও বোর্ড পরীক্ষার ফিস' সব ধরনের আয়ে 'স্বচ্ছতা নিশ্চিত করতে' বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতা সংক্রান্ত

নীতিমালা, ২০২৬' জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। নতুন এই নীতিমালা অনুযায়ী, ভর্তি থাকা কোনো শিক্ষার্থীর কাছ থেকে পুনরায় কোনো 'পুনর্ভর্তি ফি' আদায় করা যাবে না। গত ৯ ফেব্রুয়ারি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগে এই নীতিমালা চূড়ান্ত করা হলেও সম্প্রতি এটি প্রকাশ করা

হয়েছে। এ সংক্রান্ত প্রজ্ঞাপনে বলা হয়েছে, শিক্ষাপ্রতিষ্ঠানের যেকোনো আর্থিক অনিয়মের জন্য পরিচালনা কমিটির সভাপতি ও প্রতিষ্ঠান প্রধান (অধ্যক্ষ বা প্রধান শিক্ষক) যৌথভাবে দায়ী থাকবেন। এমনকি দায়িত্ব হাজার পরেও ওই সময়ের কোনো অনিয়ম ধরা পড়লে তাদের বিরুদ্ধে ও এর পাতায় দেখুন



আমড়াগাছিয়া খানকারে হাশেমিয়া কমপ্লেক্সে মাহফিলে উপস্থিত ছাত্রছাত্রী পীর

কীর্তনখোলা

গলাচিপায় নদীতে পড়ে যুবক নিখোঁজ, উদ্ধারের চেষ্টা চলছে

গলাচিপা প্রতিনিধি

পটুয়াখালীর গলাচিপা উপজেলার চরকাজল লক্ষঘাট টার্মিনাল এলাকায় বৃহস্পতিবার নদীতে পড়ে নিখোঁজ হওয়া যুবক হাসান হাওলাদার (২৮)-এর এখনো সন্ধান মেলেনি। ঘটনার প্রায় ২১ ঘণ্টা পেরিয়ে গেলেও তাকে উদ্ধার করা সম্ভব হয়নি। নদীতে তল্লাশি চালাচ্ছে বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ডুবুরি দল ও বাংলাদেশ নৌ পুলিশ। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, ভাঙুয়া ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের ফুলখালী গ্রামের নুর হাওলাদারের ছেলে হাসান হাওলাদার মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) বিকেল ৫টার দিকে তার বোনজামাই ইলিয়াসসহ তিন আত্মীয়ের

আমড়াগাছিয়া খানকারে হাশেমিয়া কমপ্লেক্সে মাহফিল

আমতলী প্রতিনিধি

বরগুনা জেলার আমতলী উপজেলাধীন আমড়াগাছিয়া খানকারে হাশেমিয়া কমপ্লেক্সে ছাত্রছাত্রী শরীফের কুতুবুল আলম আল্লামা শাহখসরু-সুফী নেছারুদ্দীন আহমদ (রহঃ) এর ৭৪তম, মুজাদ্দের যামান ও এর পাতায় দেখুন

মঠবাড়িয়ায় বিদ্যুতস্পৃষ্টে গৃহবধুর মৃত্যু

মঠবাড়িয়া প্রতিনিধি

পিরোজপুরের মঠবাড়িয়া বিদ্যুতায়িত হয়ে তালসিমা (৩০) নামের এক গৃহবধুর মৃত্যু হয়েছে। বুধবার (১৮ ফেব্রুয়ারি) দুপুরে উপজেলার সাপলেজা ইউনিয়নের খেতাচিড়া গ্রামে এ ঘটনাটি ঘটে। নিহত তালসিমা স্থানীয় সাপলেজা ইউনিয়নের খেতাচিড়া গ্রামের মো. জাহাঙ্গীর হাওলাদারের মেয়ে। তিনি এক সন্তানের জননী। থানা ও হাসপাতাল সূত্রে জানা যায়, তালসিমা খেতাচিড়া গ্রামের নিজ বাড়ির ও এর পাতায় দেখুন

ফেব্রুয়ারি প্রথম ১৬ দিনে এল ১৮০ কোটি ডলারের রেমিট্যান্স, রিজার্ভ ছাড়াল ৩৪.৫ বিলিয়ন

কীর্তনখোলা ডেস্ক

চলতি ফেব্রুয়ারির প্রথম ১৬ দিনে দেশে এসেছে ১৮০ কোটি ৭০ লাখ মার্কিন ডলারের রেমিট্যান্স বা প্রবাসী আয়। এই পরিমাণ গত বছরের একই সময়ের তুলনায় ২১ শতাংশ বেশি। একই সময়ে কেন্দ্রীয় ব্যাংকের রিজার্ভ দাঁড়িয়েছে সাড়ে ৩৪ বিলিয়ন ডলারে। বাংলাদেশ সংদ সদস্য বাংলাদেশ জাতীয় পার্টি (বিজেপি) চেয়ারম্যান ও ভোলা-১ আসনের নবনির্বাচিত সংসদ সদস্য আদাল্জিত রহমান পার্শ্ব মন্ত্রী সভায় স্থান না পাওয়ায় হতাশ ভোলায় সাধারণ মানুষ। মন্ত্রীপদ না পাওয়ায় বিষয় প্রকাশ করেছেন দলীয় নেতাকর্মীসহ সাধারণ মানুষ। এ নিয়ে সাধারণ ভোলাবাসীর মাঝে ক্ষোভ ও হতাশা দেখা দিয়েছে। দীর্ঘ ১৭ বছরের আদাল্জিত রহমান পার্শ্বর তত্ত্বাধীন মুদ্রায়নের দারি জানান ভোলাবাসি। দ্বিতীয় বারের মতো ভোলা সদর আসন থেকে বিপুল ভোটে এমপি হয়েছেন পার্শ্ব। ও এর পাতায় দেখুন

বাকেরগঞ্জের এমপি আবুল হোসেন খানের হোয়াটসঅ্যাপ একাউন্ট হাক

কীর্তনখোলা রিপোর্ট

বাকেরগঞ্জের নবনির্বাচিত সংসদ সদস্য আবুল হোসেন খানের ব্যক্তিগত হোয়াটসঅ্যাপ একাউন্ট হাক হওয়ার ঘটনা ঘটেছে। হোয়াটসঅ্যাপ একাউন্ট হাক হওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন এমপি আবুল হোসেন খানের প্রেস সচিব এডভোকেট জিন্নাহ রথি। একাউন্ট হাক বিষয়টি জানানো হলে দলীয় নেতাকর্মী ও সমর্থকদের মাঝে উদ্বেগ দেখা দিয়েছে। জানা গেছে, ১৮ ফেব্রুয়ারি (বুধবার) বিকেল থেকে অজ্ঞাত হাকাররা তার ব্যবহৃত মোবাইল নম্বরের ও এর পাতায় দেখুন

গুলশানে ফ্ল্যাট জালিয়াতি: টিউনিপ সিদ্ধিকের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা

কীর্তনখোলা ডেস্ক

রাজধানীর গুলশান-২ এলাকায় অবৈধভাবে একটি ফ্ল্যাট গ্রহণের অভিযোগে দণ্ডীত দমন কমিশনের (দুনক) করা মামলায় ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাগনি টিউনিপ রিজওয়ানা সিদ্ধিকসহ দুজনের বিরুদ্ধে গ্রেপ্তারি ও এর পাতায় দেখুন



বরগুনায় আ.লীগের পরিত্যক্ত কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন

বরগুনা প্রতিনিধি

বরগুনায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের পরিত্যক্ত কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও শেখ হাসিনার ছবি টাঙানোর একটি ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ছে। বুধবার (১৮ ফেব্রুয়ারি) সকালে শহরের শেরেবাগালা সড়কে থাকা আওয়ামী লীগের কার্যালয়ে পতাকা উত্তোলিত অবস্থায় দেখা যায়। ভাইরাল হওয়া ভিডিওতে দেখা যায়, ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সাবেক সদস্য ও জেলা ছাত্রলীগের নেতা ফাহাদ হাসান তানিম কয়েক জনকে নিয়ে আওয়ামী লীগের অফিসে পতাকা উত্তোলন করে পরিত্যক্ত কার্যালয়ের তিনের বেড়ায় শেখ মুজিবুর রহমান ও শেখ হাসিনার ছবিও টাঙাতে দেখা যায়। স্থানীয় ব্যবসায়ীরা নাম প্রকাশ না করার শর্তে জানান, আমরা দোকান খুলেছি চট্টার দিকে। আমরা ও এর পাতায় দেখুন

বোরহানউদ্দিনে স্ত্রীর মিথ্যা মামলার শিকার অসুস্থ স্বামী

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলা বোরহানউদ্দিন উপজেলার কাচিয়া ২ নং ওয়ার্ডের মুখা বাড়ির ইউনুছ মুখার বড় ছেলে ভুজভোগী স্বামী পারভেজ (৩১)। বিগত ৩০-১২-২০২০ সালে প্রেম গঠিত সম্পর্কের মাধ্যমে একই ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের পাটোয়ারী বাড়ির মাহবুব পাটোয়ারীর মেয়ে জাহান্নাভ (২৬)

বেগমের সাথে বিবাহ

হয়। বিবাহের কিছু

মাস পরে জ্ঞাত তার

স্বামীকে ভালোক এদান

করে। স্বামী পারভেজ

কিন্তু তার স্ত্রী

জাহান্নাকে ভুলতে

পারেনি। সে তার

স্ত্রীকে ভালাবেসে

পুনরায় ১০-০৮-

২০২১ ইং তারিখে

বিবাহ করে এবং সুখ

শান্তিতে দিন যাপন

করে। তাদের সুখের সংসার একটি কন্যা সন্তান জন্ম নেয় তার বয়স বর্তমান সাড়ে তিন বছর। স্ত্রী জাহান্না বোমের ভাগ সময় তার বামের বাড়িতে থাকতে পছন্দ করেন (জাহান্নার বক্তব্য অনুযায়ী) গত ১২-০১-২০২৬ ও তারিখে পারভেজ বরিশালে ও এর পাতায় দেখুন



মঠবাড়িয়ায় ব্যান্ডপার্টি বাজিয়ে জমি দখল

মঠবাড়িয়া প্রতিনিধি

পিরোজপুরের মঠবাড়িয়ায় দীর্ঘ বছর পর টোল-সুরত (ব্যান্ডপার্টি) বাজিয়ে জমি দখল বুঝে নিলেন এমাদুল হক দফাদার ও তার ছেলেরা। বুধবার (১৮ ফেব্রুয়ারি) সকালে উপজেলার মিক্কাখালী ইউনিয়নের ২ নং ওয়ার্ড দেবীপুর গ্রামে এ ঘটনা ঘটে। এ সময় ওই গ্রামে উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়। ভুক্তভোগী এমাদুল হক দফাদারের ছেলে এনাশুল ও স্থানীয়রা জানান, পূর্বপুরুষ থেকে গ্রামের ছয় কাটা সম্পত্তি এমাদুল দফাদার জোগ দখল করে আসছিল। এনাশুল এবং তার ভাইয়েরা বাড়িতে না থাকার সুযোগে একই গ্রামের বাসিন্দা বাদশা মাহতুরের দলবলের সহযোগিতায় ওই জমি দখল করে নেয়। বিভিন্ন সময়ে সালিশি ব্যবস্থা হলেও বাদশা মাহতুরের ও এর পাতায় দেখুন

পালকি এক্সপ্রেস

Palki Express

ভাণ্ডারিয়া-পিরোজপুর
নাজিরপুর-গোপালগঞ্জ
ঢাকা-গুলিস্তান
শ্যামলী-কল্যাণপুর
মিরপুর-কালশী-কচুক্ষেত

পরিচালনায়ঃ মোঃ বেজাল মল্লিক

সার্বিক তত্ত্বাবধানেঃ মোঃ হেলাল উদ্দিন মল্লিক

ভাণ্ডারিয়া কাউন্টারঃ

০১৩২১-১৮৩১৮০, ০১৭১৩-১৬৯৮২৮

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয়ঃ সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com